বাজারে সয়াবিন তেলের সরবরাহে অচলাবস্থা : উপদেষ্টার মন্তব্য

written by Chandradip News24 | December 19, 2024

অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ/ছবি সংগৃহীত

দেশে সয়াবিন তেলের দাম ৮ টাকা বৃদ্ধির ৯ দিন পরও বাজারে সরবরাহ স্বাভাবিক না হওয়ায় অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ ব্যবসায়ীদের শক্তিশালী অবস্থান নিয়ে মন্তব্য করেছেন। বুধবার (১৮ ডিসেম্বর) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে তিনি এসব কথা বলেন।

তিনি জানান , চাল , ডাল , সয়াবিন তেল এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের ক্রয়সংক্রান্ত অনুমোদন দেওয়া হয়েছে। এসব পণ্য সরবরাহ নিশ্চিত করতে সরকার চেষ্টা চালাচ্ছে। বিশেষ করে রমজান সামনে রেখে খেজুর , ছোলা , চিনি , মসুর ডালসহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র বাজারে সরবরাহে নজর দেওয়া হচ্ছে। তবে বিদেশ থেকে আমদানি ও আনলোডের প্রক্রিয়ার কারণে কিছুটা সময় লাগছে।

তিনি আরও বলেন , ব্যবসায়ীদের একটি প্রত্যাশা থাকে যে দামের বৃদ্ধি হলে তা আরও বাড়বে। এই মনোভাবের কারণেই সরবরাহে ব্যাঘাত ঘটে। বাজারে কার্যকর মনিটরিং না হওয়ার অভিযোগ প্রসঙ্গে তিনি জানান ,

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিদর্শকরা সব জায়গায় যেতে পারেন না। তাছাড়া বাজারে ক্রেতাদের সচেতনতা এবং অভিযোগের ঘাটতিও লক্ষ্য করা যায়।

সালেহউদ্দিন আহমেদ জানান, ব্যবসায়ীরা সিন্ডিকেটের মাধ্যমে দাম নিয়ন্ত্রণ করে। তাদের শক্তিশালী অবস্থান ভাঙা বেশ কঠিন। তিনি বলেন, “আমরা চাই সবাই ব্যবসা করুক, তবে অতিরিক্ত মুনাফা যেন না করে। উৎপাদনকারীরাও যেন ন্যায্য দাম পায়।”

সরকারি মনিটরিং ব্যবস্থা শক্তিশালী করার বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন এবং বাজারে কৃত্রিম সংকট রোধে কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর জোর দেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম